বৃষ্টির মেঘ

বৃষ্টির মেঘ তৃতীয় কাব্যগ্রন্থ। প্রথম সংস্করণ উনিশ শ বিরাশির নভেম্বরে। পরিবেশক ঃ আকাদমিআ, কলকাতা। প্রচ্ছদ ঃ শুভাপ্রসন্ন। প্রকাশক ঃ পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি বিভাগ। গ্রন্থটিতে একানব্বইটি কবিতা আছে।

প্রথম কাব্যগ্রন্থ 'ভালবাসায় অভিমানে' এবং দ্বিতীয় কাব্যগ্রন্থ 'কবিতার কাছাকাছি একা'য় যে একটি নিরবচ্ছিন্ন মরমী সুরের আবহ ছিল এখানে একটু ভিন্ন স্বর শুনতে পাই। মায়িক আর্তি ছাপিয়ে নিতান্তই দৃষ্ট এবং নির্দিষ্ট জগৎ ও তার চারপাশের ধুলোবালিগুলি অকপট ছত্রস্তবকগুলিতে পরিস্ফুট হয়েছে। জীবনের কাহিনীহীন গল্প সংক্ষিপ্ত অথচ সমূহ ছন্দে শ্বাসে চিত্ররূপায়িত হয়েছে। প্রকৃতি, দেশ, সমাজ, রাজনীতি, মানুষ, অবক্ষয়, ঈর্ষা, নীচতা, অবিবেক, ইতরতা এক আলোছায়াময় সন্ধিতে আমাদের দাঁড় করিয়ে দেয়। আঘাত, অশ্রু, কৌতুকের মিশ্র কলাবৃত্তে পাঠককে প্ররোচিত করে বিনিদ্রবেদন এক প্রতীক্ষার অবসান ঘটিয়ে নিরাময়ে নিয়ে যেতে।

☐ ক্ষমায় ঘৃণায় অপ্রেমে ও প্রেমের ভিতর
স্বপ্নে জাগরণে দিবস বিভাবরী
আত্মঘাতী অন্বেষণে হন্যে হলাম
আর কি তেমন এই আঘাতে বাজতে পারি!

এই অন্বেষণ আত্মঘাতী নামে আঁকলেও তা আত্মনিবেদনেরই আর্তি। এই অন্বেষণের অবগাহনের মধ্যে নিরন্তর প্রাণের, চৈতন্যের নিমজ্জন ঘটেছে। জীবনকথা মৃত্যুকথা বস্তুসীমা অতিক্রম করে অগাধ অফুরাণ সংকেতকীর্ণ আর এক মানুষের কথা বলেছে।

☐ এ পৃথিবী একবার পায় তারে : একজন বার বার দুচোখের জলে

☐ ওই কবি
কথা বলতে বলতে হাঁটছেন।
দৃষ্টির সম্পাতে তাঁর সুগন্ধ পুষ্পের কুঁড়ি মুকুলিত হচ্ছে পৃথিবীতে।

☐ আমি কি এসব নয় তবে কি আমার পরিচয়
অন্য কোনো কিছু আমি নিজেই জানি না
আমার সম্পূর্ণ পরিচয়
কোথাও এসেছি ফেলে বহুদিন বিস্মৃত স্মৃতির অন্ধকারে!

☐ আমি তার নামে ভাসাই জীর্ণ ভেলা।

☐ অন্ধকার মুচড়ে এলে প্রার্থনার রক্ত লাল ডালে।

☐ আমার মাটির স্বপ্নে রেখে যাব আশ্চর্য প্রণামী।

এগুলি অস্তিত্বের সমস্ত দুরূহ সমস্যার সমাধানে অর্থবহ হয়ে ওঠে—নির্ভার হয়ে ওঠে জীবন।